

চাঁদার ভাগাজগি নিয়ে বিরোধ  
মাগুরায় ছাত্রলীগের  
দুই পক্ষের সংঘর্ষে  
একজন নিহত

মাগুরা প্রতিনিধি •

মাগুরায় গতকাল মঙ্গলবার ছাত্রলীগের দুই পক্ষে দুই ঘটাব্যাপী সংঘর্ষে ও মাগুরা-পাটোয়ারা হাটের এ সময় মাগুরা ওলিবিহা হয়ে ছাত্রলীগের কর্মী আত্মদ গেষ (২০) নিহত হয়েছেন। আহত হয়েছেন অস্তত ১০ জন। চাঁদার টাকার ভাগাজগি নিয়ে সংঘর্ষ হয়েছে বলে জানা গেছে।

মাগুরা শহরের পারনান্দুয়াসী এলাকায় ব্র্যাক কার্যালয়ের সামনে ঢাকা-মুন্সরা মহাসড়কের কাছে এ সংঘর্ষ হয়। এ সময় অস্তত নয়টি গুলি ও চারটি ককটেল বিস্ফোরণের শব্দ শোনা যায়। পুলিশ কাদানে গ্যাসের গেল খুঁড়েও পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে কার্য হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, মাগুরা শাব-রেজিস্ট্রি অফিস থেকে আসে ৪০ হাজার টাকা করে নিয়মিত চাঁদা নেয় জেলা ছাত্রলীগের সভাপতি গেষ 'রেজাউল ইসলাম' ও সহসভাপতি রুহুল আমীরের পক্ষ। এত দিন ওই চাঁদার পরিমাণ কম দেখিয়ে তাগ-বাটোয়ারা করতেন সভাপতি রেজাউল। এ নিয়ে গতকাল রেজাউল ও রুহুলের মধ্যে দ্বন্দ্ব শুরু হয়। দুপুর ১২টার দিকে বিষয়টি নিয়ে পারনান্দুয়াসী এলাকায় রেজাউলের বাড়িতে বৈঠক করে। বৈঠকের একপর্যায়ে রেজাউল ও রুহুলের মধ্যে হাতাহাতি থেকে সংঘর্ষ শুরু হয়। সংঘর্ষে দুজনের সমর্থক ও ফজনেরা জোণ দেন। দুই ঘটাব্যাপী সংঘর্ষে অস্তত নয়টি গুলি ও চারটি ককটেলের বিস্ফোরণ হয়। এ সময় স্থানীয় একটি চালকল ভাঙচুর করা হয়। সংঘর্ষের একপর্যায়ে মাগুরা ওলিবিহা হয়ে গুরুতর আহত হন রেজাউলের পক্ষের কর্মী আত্মদ। পরে মাগুরা সদর হাসপাতালে নেওয়া হলে চিকিৎসকেরা তাঁকে মৃত ঘোষণা করেন। পারনান্দুয়াসী এলাকার আকবর গেষের ছেলে আত্মদ মাগুরা সরকারি কলেজের সম্মান প্রথম বর্ষের শিক্ষার্থী ছিলেন। মাগুরা সদর হাসপাতালে ময়নাতদন্ত শেষে তাঁর লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

বকর পেয়ে পুলিশ দুপুর সাড়ে ১২টার দিকেই ঘটনাস্থলে পৌছায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে তারা অস্তত পাঁচটি কাদানে গ্যাসের গেল নিক্ষেপ করে। তবে পুলিশের উপস্থিতিতেই উভয় পক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে বলে প্রত্যক্ষদর্শীরা জানান।

তবে মাগুরার পুলিশ সুপার জিহাদুল কবির বলেন, শাব-রেজিস্ট্রি অফিস থেকে পাওয়া চাঁদার টাকার ভাগাজগি নিয়ে দুই পক্ষের মধ্যে সংঘর্ষের সূত্রপাত হয়েছে বলে তিনি তদন্তেছেন। এ ঘটনায় এখনো মামলা হয়নি। পুলিশ কাউকে গ্রেপ্তার করেনি।

মাগুরা সদর থানার ডায়রীও কর্মকর্তা (ওসি) জাহাঙ্গীর আলম জানান, শাব-রেজিস্ট্রি অফিস থেকে চাঁদা আদায়ের টাকার তাগ-বাটোয়ারা নিয়ে ছাত্রলীগের রেজাউল ও রুহুল দ্বন্দ্বের মধ্যে ককটেল-কাটাকাটির একপর্যায়ে সংঘর্ষ শুরু হয়।